

বাংলাদেশ নির্বাচন কমিশন
সিনিয়র জেলা নির্বাচন অফিসারের কার্যালয়
গোহাইল রোড, খান্দার, বগুড়া
www.ecs.gov.bd

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে মনোনয়নপত্র গ্রহণ ও মনোনয়নপত্র দাখিলের সহায়ক নিয়মাবলী

- ১। ভোটার তালিকা সিডি ক্রয় বাবদ পৌরসভার ওয়ার্ড ভিত্তিক ৫০০/- হারে এবং প্রতি ইউনিয়নের জন্য ৫০০/- হারে ট্রেজারী চালান/পে-অর্ডার মাধ্যমে টাকা জমা দিতে হবে। ট্রেজারী চালানের কোড নং “১-০৬০১-০০০১-২৬৩১” নবসৃজিত কোড “১০৬০১০১১০০১২৫-১৪২৩২৫৩” (এ চালানের) মাধ্যমে টাকা জমা করে চালানের মূল কপি অফিসে জমা দিয়ে মনোনয়নপত্র সংগ্রহ করতে হবে এবং চালানের ফটোকপি মনোনয়নপত্র জমা দেয়ার সময় মনোনয়নপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ২। মনোনয়নপত্র জমাদানের পূর্বে জামানত বাবদ ২০,০০০/- (বিশ হাজার) টাকা বাংলাদেশ ব্যাংকের যে কোন শাখায় অথবা যে কোন ব্যাংক অথবা সরকারি ট্রেজারী অথবা সাব ট্রেজারিতে “৬-০৬০১-০০০১-৮৪৭৩” নম্বর অথবা নবসৃজিত কোড “১০৯০৩০২১০১৪৮৩-৮১১৩৫০১” (এ চালানের) মাধ্যমে জমা করে চালানের মূলকপি মনোনয়নপত্রের সহিত সংযুক্ত করতে হবে।
- ৩। যথাযথভাবে মনোনয়ন ফরম পূরণ ও নির্বাচিত স্থানে, প্রার্থী, প্রস্তাবকারী ও সমর্থনকারীর স্বাক্ষর থাকতে হবে।
- ৪। কোন প্রার্থী একাধিক মনোনয়নপত্র দাখিল করলে ১টি মনোনয়নপত্রের সাথে জামানত বাবদ জমাকৃত চালানের মূলকপি অপরাদিতে ফটোকপি দিতে হবে।
- ৫। নির্বাচনের ব্যয় নির্বাচনের জন্য মনোনয়নপত্র দাখিলের পূর্বে তফসিলি ব্যাংকে একটি নতুন ব্যাংক একাউন্ট খুলতে হবে। হিসাব নং, ব্যাংকের নাম, শাখার নাম মনোনয়নপত্রের নির্দিষ্ট স্থানে উল্লেখ করতে হবে।
- ৬। নির্বাচিত রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট দলের সভাপতি বা সাধারণ সম্পাদক বা সমপর্যায়ের পদাধিকারী স্বাক্ষরিত দলের মনোনয়ন প্রদানের প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।
- ৭। স্বতন্ত্র প্রার্থীর জন্য সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার এক শতাংশ ভোটারের সমর্থনসূচক স্বাক্ষর/টিপসহি সম্বলিত তালিকা (সংযুক্তি-৩ অন্যায়ী) প্রদান করতে হবে। তবে ইতোপূর্বে জাতীয় সংসদের কোন নির্বাচনে সংসদ সদস্য নির্বাচিত হয়ে থাকলে এক শতাংশ ভোটারের সমর্থনসূচক স্বাক্ষর/টিপসহি তালিকা প্রদান করতে হবে না। সংসদ সদস্য নির্বাচিত হলে তার স্বপক্ষে প্রমানাদি (গেজেট) দাখিল করতে হবে।
- ৮। মনোনয়নপত্রের সঙ্গে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ০৮টি তথ্য সম্বলিত হলফনামা সংযুক্ত করতে হবে।
- ৯। হলফনামায় ০৮টি তথ্যের বিপরীতে সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রাসঙ্গিক দলিলাদি সংযুক্ত করতে হবে। যেমন সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি।
- ১০। নির্বাচনি ব্যয় নির্বাচন করার জন্য অর্থ প্রাপ্তির সম্ভাব্য উৎসের বিবরণী (ফরম-২০) সংযুক্ত করতে হবে।
- ১১। প্রার্থীর সম্পদ ও দায় এবং বার্ষিক আয় ও ব্যয়ের বিবরণী (ফরম-২১) সংযুক্ত করতে হবে।
- ১২। সর্বশেষ আয়করের প্রত্যয়নপত্র, সম্পদ বিবরণী (আইটি ১০ বি) মনোনয়নপত্রের সাথে জমা দিতে হবে।
- ১৩। প্রার্থীর সদ্য তোলা ০৮ (চার) কপি রঙীন পাসপোর্ট সাইজের ছবি মনোনয়নপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ১৪। প্রার্থী, প্রস্তাবকারী ও সমর্থনকারীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি মনোনয়নপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ১৫। অনলাইনে (www.ecs.gov.bd) অথবা (<https://onss.ecs.gov.bd>) মনোনয়নপত্র দাখিল করলে প্রিন্ট কপি রিটার্ন অফিসার/সহকারি রিটার্নি অফিসারের নিকট জমা দিতে হবে।

বিঃ দ্রঃ মনোনয়নপত্র ও সংযুক্তিসহ A4 সাইজ কাগজে ফটোকপি করে মূল কপিসহ ০৩ (তিনি) সেট রিটার্ন অফিসার/ সহকারী রিটার্ন অফিসারের নিকট জমা দিতে হবে।

ছবিছাড়া ভোটার তালিকার সিডি ক্রয়ের মূল্য, এক শতাংশ হারে ভোটারের সংখ্যা ও নির্বাচনী ব্যয়ের পরিমাণ সংক্রান্ত তথ্যাদি

নির্বাচনী এলাকার নম্বর ও নাম	মোট ভোটার সংখ্যা	ইউনিয়ন ও পৌর ওয়ার্ড এর সংখ্যা	ছবিছাড়া ভোটার তালিকার সিডির মূল্য (প্রতি ইউনিয়নের জন্য ৫০০/- ও প্রতি পৌর সাধারণ ওয়ার্ডেও জন্য ৫০০/- হারে)	মোট ভোটারের এক শতাংশ হারে ভোটার সংখ্যা
৩৬ বগুড়া-১	৩৫৫১০৯	পৌর-১৮, ইউপি-১৯	১৮,৫০০/-	৩৫৫১
৩৭ বগুড়া-২	৩২৬১৮৬	পৌর-৯, ইউপি-১২	১০,৫০০/-	৩২৬২
৩৮ বগুড়া-৩	৩২২১৬৭	পৌর-২৫, ইউপি-১২	১৮,৫০০/-	৩২২২
৩৯ বগুড়া-৪	৩৪৪৫১৪	পৌর-২০, ইউপি-১৪	১৭,০০০/-	৩৪৪৫
৪০ বগুড়া-৫	৫৪০০৬৮	পৌর-১৮, ইউপি-২০	১৯,০০০/-	৫৪০১
৪১ বগুড়া-৬	৮২৮০৪২	পৌর-১৯, ইউপি-১১	১৫,০০০/-	৮২৮০
৪২ বগুড়া-৭	৫১২২৫৮	পৌর-১১, ইউপি-১১	১৬,০০০/-	৫১২৩

(মোঃ মাহমুদ হাসান)

সিনিয়র জেলা নির্বাচন অফিসার

বগুড়া।